

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রকৌশল অফিস

ফোন- ৯৬৬৫৬১৯, পি.এ.বি.এক্স-৫৫১৬৭১০০/৭৫২৪, ৭৪৬৭



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

নং- প্রপ্র/ও-৩/২০১৮ (পার্ট-১০)/ই- ৫০২

তারিখঃ ০৬/০৪/১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের আবাসিক ভবন, হল, একাডেমিক ভবন এবং অফিস ভবনে কার্টের জানালা রয়েছে। বর্তমানে ঝড়ের মৌসুম শুরু হচ্ছে। এ সময় জানালার ছিটকানী এবং ক্যাচ হুক সঠিকভাবে ব্যবহার না করলে ঝড়ো বাতাসে জানালার কাঁচ ভেঙে যাবে এবং বিশ্ববিদ্যালয়ের আর্থিক ক্ষতি হবে।

এমতাবস্থায়, ঝড় বৃষ্টির দিনে জানালা খোলা রাখার সময় ক্যাচ হুক ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। প্রয়োজনে DAERS অফিসের ওয়েন্ডিং শপ ও কার্পেন্ট্রি শপের মাধ্যমে ভাঙ্গা/অকেজো ছিটকানী ও ক্যাচ হুক লাগিয়ে নেয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এতে বিশ্ববিদ্যালয়ের কাঁচ ভাঙ্গার আর্থিক ক্ষতি বহুলাংশে হ্রাস পাবে। উল্লেখ্য, যে সকল ভবনে PVC ডোর লাগানো আছে। চলতি মৌসুমে কালবৈশাখী বা অন্য যে কোন ঝড়ো বাতাসের সময় উক্ত পাল্লা খোলা থাকলে চৌকাঠের সাথে পাল্লার আঘাত লেগে পাল্লার ক্ষতির সম্ভাবনা থাকে। ফলে ঝড়ো বাতাসের সময় পাল্লাগুলি বন্ধ রাখার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা কাম্য।


(প্রকৌশলী মোঃ নূরুল মোমেন)
প্রধান প্রকৌশলী

নং- প্রপ্র/ও-৩/২০১৮ (পার্ট-১০)/ই- ৫০২ (৬০০)

তারিখঃ ০৬/০৪/১৯

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সকল সম্মানীত ডীন মহোদয়, বাপ্রবি, ঢাকা-প্রচারের অনুরোধসহ।
- ২। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান/হল প্রভোস্ট/পরিচালকবৃন্দ/ইসিটিটিউট প্রধান/ সেন্টার প্রধান/শাখা প্রধান, বাপ্রবি, ঢাকা-প্রচারের অনুরোধসহ।
- ৩। সকল আবাসিক এলাকার এলোটিবৃন্দ, বাঃপ্রঃবিঃ, ঢাকা।
- ৪। ডি.এ.ই.আর.এস, বাপ্রবি, ঢাকা-ক্যাচ হুক লাগানোর বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার অনুরোধ সহ।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর-১,২), বাঃপ্রঃবিঃ, ঢাকা।
- ৬। সিনিয়র নির্বাহী প্রকৌশলী (পুর-১, ২), বাঃপ্রঃবিঃ, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী (পুর-১,২), বাঃপ্রঃবিঃ, ঢাকা।
- ৮। পিএস টু উপাচার্য মহোদয়, বাপ্রবি, ঢাকা-মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), বাঃপ্রঃবিঃ, ঢাকা।
- ১০। সহকারী প্রকৌশলী (পুর), বাঃপ্রঃবিঃ, ঢাকা।
- ১১। উপ-সহকারী প্রকৌশলী (পুর), বাঃপ্রঃবিঃ, ঢাকা।

email, N.B